

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৯৭৬

৭/ যাকাত ও সাদকা

পরিচ্ছেদঃ নিজের পছন্দনীয় ও প্রিয় জিনিস এবং আত্মীয়কে খরচ করার গুরুত্ব

আরবী

عَنْ زَيْنَبَ امْرَأَةِ عَبْدِ اللهِ قَالَتْ قَالَ رَسُولُ اللهِ عَلَيْ تَصَدَّقْنَ يَا مَعْشَرَ النِسَاءِ وَلَوْ مِنْ حُلِيِّكُنَّ قَالَتْ فَرَجَعْتُ إِلَى عَبْدِ اللهِ فَقُلْتُ إِنَّكَ رَجُلٌ خَفِيفُ ذَاتِ الْيَدِ وَإِنَّ رَسُولَ اللهِ عَلْرِكُمْ حُلِيِّكُنَّ قَالَتْ فَقَالَ لِي عَبْدُ اللهِ بَل الْبِيهِ أَنْتِ قَالَتْ فَانْطَلَقْتُ فَإِذَا امْرَأَةٌ مِنَ الأَنْصَارِ بِبَابِ قَالَتْ فَقَالَ لِي عَبْدُ اللهِ بَل الْبِيهِ أَنْتِ قَالَتْ فَانْطَلَقْتُ فَإِذَا امْرَأَةٌ مِنَ الأَنْصَارِ بِبَابِ وَسُولِ اللهِ عَلَيْهِ الْمَهَابَةُ وَكَانَ رَسُولُ اللهِ عَلَيْ قَدْ أُلْقِيَتْ عَلَيْهِ الْمَهَابَةُ وَلَاتُ مُولِ اللهِ عَلَيْ عَلَيْهِ الْمَهَابَةُ اللهِ عَلَيْهِ الْمَهَابَةُ وَكَانَ رَسُولُ اللهِ عَلَيْهِ الْمَهَابَةُ اللهِ عَلَيْهِ الْمَهَا عَلَى أَزْوَاجِهِمَا وَعَلَى أَيْتَامٍ فِي حُجُورِهِمَا وَلاَ تُخْبِرْهُ مَنْ نَحْنُ اللهِ عَلَيْهِ اللهِ عَلَيْهِ الْمَهَا عَلَى أَرْواجِهِمَا وَعَلَى أَيْتَامٍ فِي حُجُورِهِمَا وَلاَ تُخْبِرْهُ مَنْ نَحْنُ اللهِ عَلَيْهِ الْمَلَاتِ مَنْ اللّهِ عَلَيْهُ اللهِ عَلَى الْمَالِهِ عَلَى اللهِ عَمَا فَقَالَ لَهُ المَّالِهِ عَلَى اللهِ اللهِ عَلَى اللهُ عَلَى اللهِ عَلْمَا أَجْرُانِ أَجْرُانِ أَلْقُوالَا عَلَى اللهِ عَلَى اللهَ عَلَى اللهَ عَلَى

বাংলা

(৯৭৬) আব্দুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) এর স্ত্রী যায়নাব (রাঃ) কর্তৃক বর্ণিত, তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে মহিলাগণ! তোমরা সাদকাহ কর; যদিও তোমাদের অলংকার থেকে হয়। যায়নাব (রাঃ) বলেন, সুতরাং আমি (আমার স্বামী) আব্দুল্লাহ বিন মাসউদ (রাঃ) এর নিকট এসে বললাম, আপনি গরীব মানুষ, আর রাসূলুল্লাহ সাল্লাল্লাভ আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে সাদকাহ করার নির্দেশ দিয়েছেন। অতএব আপনি তাঁর নিকট গিয়ে এ কথা জেনে আসুন যে, (আমি যে, আপনার উপর ও আমার তত্ত্বাবধানে প্রতিপালিত এতীমদের উপর খরচ করি তা) আমার পক্ষ থেকে সাদকাহ হিসাবে যথেষ্ট হবে কি? নাকি আপনাদেরকে বাদ দিয়ে আমি অন্যকে দান করব? ইবনে মাসউদ (রাঃ) বললেন, বরং তুমিই রাসূলুল্লাহ সাল্লাল্লাভ আলাইহি ওয়াসাল্লাম এর কাছে জেনে এস।

সুতরাং আমি তাঁর নিকট গেলাম। দেখলাম, তাঁর দরজায় আরোও একজন আনসারী মহিলা দাঁড়িয়ে আছে, তার



প্রয়োজনও আমার প্রয়োজনের অনুরূপ। আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে ভাবগম্ভীরতা দান করা হয়েছিল। (তাঁকে সকলেই ভয় করত।) ইতিমধ্যে বিলাল (রাঃ) কে আমাদের পাশ দিয়ে যেতে দেখে বললাম, আপনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে গিয়ে বলুন, দরজার কাছে দু'জন মহিলা আপনাকে জিজ্ঞাসা করছে যে, তারা যদি নিজ স্বামী ও তাদের তত্ত্বাবধানে প্রতিপালিত এতীমদের উপর খরচ করে, তাহলে তা সাদকাহ হিসাবে যথেষ্ট হবে কি? আর আমরা কে, সে কথা জানাবেন না। তিনি প্রবেশ করে তাঁকে জিজ্ঞেস করলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তারা কে? বিলাল (রাঃ) বললেন, এক আনসারী মহিলা ও যায়নাব। তিনি আবার জিজ্ঞেস করলেন, কোন্ যায়নাব? বিলাল (রাঃ) উত্তর দিলেন, আব্দুল্লাহর স্ত্রী। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাদের জন্য দু'টি সওয়াব রয়েছে, আত্মীয়তার বন্ধন বজায় রাখার সওয়াব এবং সাদকাহ করার সওয়াব।

ফুটনোট

(বুখারী ১৪৬২, ১৪৬৬, মুসলিম ২৩৬৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ যায়নাব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন